পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/বিবিএ(বাংলামাধ্যম)/৬৭৩(০১)/২০২২/৩১৭৭ তারিখ : ১৬ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র ।

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

বিষয় : বাউবি'র বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের পরীক্ষা-২০২৩, টার্ম-২৩১, ২য় সেমিস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ফলাফল সংক্রান্ত পুন:নিরীক্ষণ ও পুন:পরীক্ষার ফি জমাদান এবং অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের পরীক্ষা- ২০২৩, টার্ম-২৩১, ২য় সেমিস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ফলাফল প্রকাশ করা হয়েছে। উক্ত ফলাফল বাউবি'র Website-এ প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুন:নিরীক্ষণ ও পুন:পরীক্ষার আবেদন করতে ইচ্ছুক তাদেরকে অন-লাইনে আবেদন করতে হবে। বিবিএ (বাংলা মাধ্যম) পরীক্ষার ফলাফলের আবেদন ফরম exam.bou.ac.bd ওয়েব ঠিকানায় " পুন:নিরীক্ষণ/পুন:পরীক্ষা" লিংকে পাওয়া যাবে। (লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে।) উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৫/০১/২০২৫ তারিখ থেকে ৩০/০১/২০২৫ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং মোবাইল ক্যাশ "নগদ" এর মাধ্যমে (পুন:নিরীক্ষার ফি ৫০০/= এবং পুন:পরীক্ষার ফি বাবদ ৫০০/=) টাকা পরিশোধ করতে হবে। নির্ধারিত ফি জমা দানের পর On-Line এ পূরণকৃত আবেদনের প্রিন্ট কপি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র জমা দিতে হবে এবং ০১ কপি নিজের কাছে সংরক্ষণ করে রাখতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন ও ফি জমা দেয়া যাবে না।

প্রকাশিত ফলাফল সংক্রান্ত কোন অভিযোগ থাকলে শিক্ষার্থীদের ৩০/০১/২০২৫ তারিখের মধ্যে On-Line এ অভিযোগ করতে হবে। ফলাফল সংক্রান্ত অভিযোগ ফরম উল্লিখিত সময়ের মধ্যে ওয়েব ঠিকানায় পাওয়া যাবে।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ।

৩১/১২/২০২৪

মোঃ হাবিবুল্যাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং............২২০৩
তারিখঃ..............২/১/২৫
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/সহঃসিঃ প্রোগ্রামার/ASANA
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহঃ পরিচালক/সহকারী প্রোগ্রামার/AHME

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. ডিন, ওপেন স্কুল, বাউবি।
২. সভাপতি, বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের পরীক্ষা- ২০২৩ টার্ম-২৩১, ২য় সেমিস্টার, বাউবি।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শন ও আবেদনের লিংক খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪.পরিচালক, এসএসএস, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৬. উপ-পরিচালক, প্রো-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর (প্রো-উপাচার্য শিক্ষা মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৭. সংরক্ষণ নথি।